

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত অবকাঠামো বিভাগ
সড়ক পরিবহন উইং
প্রজ্ঞাপন

তারিখ: ১২ মাঘ ১৪৩২/২৬ জানুয়ারি ২০২৬

নং ২০.০৩.০০০০.৭০২.১৪.০১৪.২৩-২৬—পরিকল্পনা মন্ত্রণালয়ের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ১২ মে, ২০০৩ এবং ১৪ মে, ২০০৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার কর্তৃক বর্ণিত সড়কের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) কর্তৃক দাবীকৃত সড়কসমূহের মালিকানা ও দায়-দায়িত্ব নির্ধারণকরতঃ বিদ্যমান বিরোধ বা মতপার্থক্যের নিষ্পত্তি, সড়কের শ্রেণি/মান উন্নয়নের প্রস্তাব বিবেচনা, এক সংস্থার দায়িত্বাধীন সড়কের অন্য সংস্থার হস্তক্ষেপ এবং/অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আনীত অভিযোগ বিবেচনা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত স্ট্যাডিং কমিটির সভা গত ১৫ জুলাই ২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত হয়।

- ২। উক্ত সভায় লক্ষ্মীপুর পৌরসভার আওতাধীন “মেঘনা সড়ক” (পিডিপি-২৩) (দৈর্ঘ্য ৩.১০ কিলোমিটার) লক্ষ্মীপুর পৌরসভার নিকট হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি গেজেটভুক্ত করার নিমিত্ত গৃহীত সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। [তালিকা সংযোজনী-‘ক’]
- ৩। অনুমোদিত তালিকাটি পূর্বে জারীকৃত সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সড়কের তালিকাসমূহের সাথে যুক্ত অথবা সংশোধিত তালিকা দ্বারা প্রতিস্থাপিত হবে।
- ৪। বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে এটি কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
নাসরীন সুলতানা
উপপ্রধান (সংযুক্ত)।

(১১২৯৫)
মূল্য : টাকা ৪.০০

সংযোজনী-‘ক’

ক্রঃ নং	জেলার নাম	প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং	বর্তমান মালিকানা	প্রস্তাবিত মালিকানা	স্ট্যাডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত
১.	লক্ষ্মীপুর	মেঘনা সড়ক (পিডিপি-২৩) (সড়কের দৈর্ঘ্য ৩.১০ কিলোমিটার)	লক্ষ্মীপুর পৌরসভা	সওজ অধিদপ্তর	লক্ষ্মীপুর পৌরসভার আওতাধীন মেঘনা সড়কটি (পিডিপি-২৩) (দৈর্ঘ্য ৩.১০ কিলোমিটার) লক্ষ্মীপুর পৌরসভার নিকট হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট “মেঘনা সড়ক (পিডিপি-২৩) (দৈর্ঘ্য ৩.১০ কিলোমিটার)” নামে জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd